# থ্যালাসেমিয়া প্রতিরোধে সমন্বিত উদ্যোগের আহ্বান ডা. জুবাইদা রহমানের



ডা. জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান বলেছেন, থ্যালাসেমিয়া একটি প্রতিরোধযোগ্য রোগ। সময়মতো রোগ শনাক্ত করে যথাযথ চিকিৎসা নিশ্চিত করা গেলে জটিল অবস্থায় থাকা রোগীরাও সুস্থ জীবন ফিরে পেতে পারেন।

শুক্রবার (৩১ জুলাই) বিশ্ব থ্যালাসেমিয়া দিবস উপলক্ষে রাজধানীতে বাংলাদেশ থ্যালাসেমিয়া সমিতির আয়োজিত রক্তদাতা সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডা. জুবাইদা রহমান বলেন, থ্যালাসেমিয়া সম্পর্কে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি দেশের সদর হাসপাতাল থেকে শুরু করে ইউনিয়ন পর্যায় পর্যন্ত স্বাস্থ্যসেবার সঙ্গে সংশ্লিষ্টদের এ বিষয়ে প্রশিক্ষিত করা প্রয়োজন। বিশেষ করে নতুন করে নিয়োগ দেওয়া প্রায় এক লাখ স্বাস্থ্যকর্মীকে থ্যালাসেমিয়া শনাক্তকরণ, পরামর্শ ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের আওতায় আনার ওপর গুরুত্ব দেন তিনি।

LENS ASIA

অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেন, থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের জীবন রক্ষায় নিয়মিত ও স্বেচ্ছায় রক্তদানে সবাইকে এগিয়ে আসতে হবে। একই সঙ্গে সুস্থ জীবনযাপনের স্বার্থে খাদ্যাভ্যাসে শৃঙ্খলা আনা এবং সব ধরনের ক্ষতিকর অভ্যাস পরিহারের আহ্বান জানান তিনি।